ইনকিলাব

26

তারিখ 08 OCT 1996

পৃষ্ঠা ১২ কলাম ৩

# বিশ্ব শিক্ষক দিবসে শিক্ষক ফেডারেশনের আলোচনা সভা

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের উদ্যোগে এক আলোচনা সভা ও সেমিনার নায়েমের সেমিনার হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পানি সম্পদ মন্ত্রী জনাব আবদুর রাজ্জাক। অনুষ্ঠানের প্রথম পর্বে সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অধ্যাপিকা ডাঃ তাহমিনা হোসেন। দ্বিতীয় পর্বে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর রাশিদা বেগম। আলোচনায় অংশ নেন ফেডারেশনের মহাসচিব জনাব মোহাম্মদ আজীজুল হক শাহ ও ফেডারেশনের নেতা জনাব জসিম উদ্দিন।

বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের সভানেত্রী মিসেস মরিয়ম আনাম চৌধুরীর সভাপতিত্বে ইআই প্রজেক্ট অফিসে ফেডারেশনের অপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় গৃহীত এক প্রস্তাবে প্রতি বছর ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস প্রতিটি বিদ্যালয়ে পালনের নির্দেশ দানের জন্যে সরকারের নিকট জোর দাবী জানানো হয়। প্রেস বিজ্ঞপ্তি।